



সুস্থ আছেন মোজতবা খামেনি, বাবার শেষ বিদায়েও ছিলেন: ইরানি কূটনীতিক



মোজতবা খামেনি। ছবি: সংগৃহীত

ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি সুস্থ আছেন বলে দাবি করেছেন দেশটির জ্যেষ্ঠ কূটনীতিক আব্দুল মজিদ হাকিম ইলাহি। তাঁর দাবি, বাবা আলি খামেনির শেষ বিদায়ের অনুষ্ঠানেও উপস্থিত ছিলেন মোজতবা।

ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভিকে দেওয়া সাক্ষাৎকারে ইলাহি বলেন, গত সপ্তাহে ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের সঙ্গে সাত ঘণ্টা বৈঠক করেছেন মোজতবা। সম্প্রতি তাঁর সঙ্গে কয়েকজনের দেখাও হয়েছে বলে জানান এই কূটনীতিক।

গত ২৮ ফেব্রুয়ারি মার্কিন-ইসরায়েলি হামলায় নিহত হন ইরানের তৎকালীন সর্বোচ্চ নেতা আলি খামেনি। এরপর তাঁর ছেলে মোজতবা সর্বোচ্চ নেতার দায়িত্ব পান। তবে দায়িত্ব নেওয়ার পর থেকে তাঁকে প্রকাশ্যে দেখা যায়নি। লিখিত বিবৃতির মাধ্যমে তাঁর বক্তব্য সামনে এসেছে।

মোজতবা কেন জনসমক্ষে আসছেন না, তার ব্যাখ্যায় ইলাহি বলেন, নিরাপত্তার কারণেই তিনি গণমাধ্যম ও সাধারণ মানুষের সামনে আসছেন না। বাবার শেষ বিদায়ের অনুষ্ঠানে মোজতবার উপস্থিতি থাকার দাবিও করেন তিনি।

এদিকে ইরানের কয়েকজন জ্যেষ্ঠ কর্মকর্তার বরাতে জানা গেছে, আঘাতের ক্ষত থেকে সেরে ওঠার পাশাপাশি নিরাপত্তার কারণে আড়ালে রয়েছেন মোজতবা। তবে শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে তাঁর নিয়মিত যোগাযোগ রয়েছে এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্তও তিনি নিচ্ছেন বলে তাঁদের দাবি।